

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
[ আইন-১ অধিশাখা ]  
বাংলাদেশ সচিবালয়  
ঢাকা-১০০০।  
[www.lgd.gov.bd](http://www.lgd.gov.bd)

নং-৪৬.০২০.০০৪.০২.০০৭..২০১৪-২০২৪

তারিখ : ২২ জৈষ্ঠ ১৪২৫  
০৫ জুন ২০১৭


বিষয় : এলজিইডি'র সহকারী প্রকৌশলী জনাব অনুপম পাল (বর্তমানে চাকুরী হতে অপসারণকৃত) কর্তৃক প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা আদালতে দায়েরকৃত এ.টি মামলা নং-১৮৮/২০১৪ এর রায় হতে উদ্ধৃত প্রশাসনিক আপীল মামলা নং-৭৭/২০১৬ এর রায়ের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রসঙ্গে।

সূত্র : এ বিভাগের উন্নয়ন শাখার স্মারক নং-৪৯৮, তারিখঃ ২৮.০৫.২০১৮ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বর্ণিত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলার বাদী জনাব অনুপম পাল, সহকারী প্রকৌশলী, এলজিইডি, বাগেরহাটকে “চাকুরী হতে অপসারণ” করা হলে তিনি উক্ত আদেশকে চ্যালেঞ্জ করে বিজ্ঞ প্রশাসনিক ট্রাইব্যুনালে এ.টি মামলা নং-১৮৮/২০১৪ দায়ের করেন। উক্ত মামলায় গত ২৫.০২.২০১৬ খ্রিঃ তারিখের রায় সরকারের বিপক্ষে ঘোষিত হয়। জনাব অনুপম পাল ২৫.০২.২০১৬ খ্রিঃ তারিখের উক্ত রায় রদ চেয়ে প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে ৭৭/২০১৬ নং আপীল মামলা দায়ের করেন। বর্ণিত প্রশাসনিক ট্রাইব্যুনাল মামলার রায়ের বিরুদ্ধে আপীল দায়েরসহ সরকার পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য এ বিভাগের প্যানেল আইনজীবী জনাব সুজিত কুমার ভূমিক'কে দায়িত্ব প্রদান করা হয়। উক্ত আপীল মামলায় প্রশাসনিক ট্রাইব্যুনাল, ঢাকা বিগত ১৯.০৩.২০১৮ খ্রিঃ তারিখে সরকারের বিপক্ষে রায় ঘোষণা করেন। প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা এর আদালতে দায়েরকৃত এ.টি. মামলা নং-১৮৮/২০১৪ এবং প্রশাসনিক আপীল ট্রাইব্যুনালে ৭৭/২০১৬ নং আপীল মামলার রায়ের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য এ বিভাগের উন্নয়ন-১ শাখা হতে অনুরোধ করা হয়েছে। বিজ্ঞ ট্রাইব্যুনাল মামলার বাদীর পক্ষে রায় ঘোষণা করেন। বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর-লীভ-টু-আপীল দায়ের করা আবশ্যিক।

২। এমতাবস্থায়, প্রশাসনিক ট্রাইব্যুনাল-১, ঢাকা আদালতে দায়েরকৃত এ.টি মামলা নং-১৮৮/২০১৪ এর রায় এবং আপীল ট্রাইব্যুনালে দায়েরকৃত আপীল মামলা নং-৭৭/২০১৬ এর রায়ের বিরুদ্ধে জরুরি ভিত্তিতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের আপীল বিভাগে সরকার পক্ষে সিভিল পিটিশন ফর-লীভ-টু-আপীল দায়ের করাসহ অন্যান্য আইনী পদক্ষেপ গ্রহণের জন্য বিজ্ঞ প্যানেল আইনজীবী হিসেবে তাঁকে নির্দেশক্রমে দায়িত্ব প্রদান করা হল।

সংযুক্তঃ বর্ণনামতে-----ফর্দ।



(মোঃ ইফতেখার আহমেদ চৌধুরী)

উপসচিব

ফোন:+৮৮০২-৯৫৪০৯৯৫

e-mail: dslaw1.lgd.gov@gmail.com

ব্যারিষ্টার কাজী মইনুল হাসান  
বিজ্ঞ প্যানেল আইনজীবী  
স্থানীয় সরকার বিভাগ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। বিজ্ঞ সলিসিটর, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সলিসিটর উইং, বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা;
- ২। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৩। উপসচিব (উন্নয়ন-১), স্থানীয় সরকার বিভাগ।
- ৪। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা;
- ৫। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ;
- ৬। কম্পিউটার প্রোগ্রামার(পত্রটি ওয়েব সাইটে প্রকাশের জন্য)।